

আজি ঝড়ের রাতে তোমার অভিসার
পরানসখা বন্ধু হে আমার ॥
আকাশ কাঁদে হতাশ-সম, নাই যে ঘুম নয়নে মম—
দুয়ার খুলি হে প্রিয়তম, চাই যে বারে বার ॥
বাহিরে কিছু দেখিতে নাই পাই,
তোমার পথ কোথায় ভাবি তাই ।
সুদূর কোন্ নদীর পারে, গহন কোন্ বনের ধারে
গভীর কোন্ অন্ধকারে হতেছ তুমি পার ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Jhampak, Raag: Malhar
Visit www.geetabitan.com for notation and other detail